

আল-বালাদ | Al-Balad | الْبَلَدُ

আয়াতঃ ৯০ : ৩

আরবি মূল আয়াত:

وَالِدٍ وَمَا وَلَدَ ﴿٣﴾

অনুবাদসমূহ:

কসম জনকের এবং যা সে জন্ম দেয়। — আল-বায়ান

শপথ জন্মদাতা (আদম)-এর আর যা সে জন্ম দিয়েছে (সেই সমস্ত মানুষের), — তাইসিরুল

শপথ জন্মদাতার এবং যা সে জন্ম দিয়েছে তার। — মুজিবুর রহমান

And [by] the father and that which was born [of him], — Sahih International

৩. শপথ জন্মদাতার ও যা সে জন্ম দিয়েছে।(১)

(১) যেহেতু বাপ ও তার ঔরসে জন্ম গ্রহণকারী সন্তানদের ব্যাপারে ব্যাপক অর্থবোধক শব্দ ব্যবহার করা হয়েছে এবং সামনের দিকে মানুষের কথা বলা হয়েছে, তাই বাপ মানে আদম আলাইহিস সালামই হতে পারেন। আর তার ঔরসে জন্ম গ্রহণকারী সন্তান বলতে দুনিয়ায় বর্তমানে যত মানুষ পাওয়া যায়, যত মানুষ অতীতে পাওয়া গেছে এবং ভবিষ্যতেও পাওয়া যাবে সবাইকে বুঝানো হয়েছে। এভাবে এতে আদম ও দুনিয়ার আদি থেকে অন্ত পর্যন্ত সব বনী-আদমের শপথ করা হয়েছে। অথবা وَلَدٌ বলে প্রত্যেক জন্মদানকারী পিতা আর وَلَدٌ বলে প্রত্যেক সন্তানকে বুঝানো হয়েছে। [ইবন কাসীর; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

৩। শপথ জন্মদাতার ও যা সে জন্ম দিয়েছে তার। [1]

[1] কোন কোন উলামাগণ বলেছেন যে, এ থেকে আদম (আঃ) ও তাঁর সন্তান-সন্ততি উদ্দেশ্য নেওয়া হয়েছে। আবার কেউ বলেন, এ শব্দটা হল ব্যাপক; অর্থাৎ প্রত্যেক পিতা এবং সন্তান-সন্ততি এর অন্তর্ভুক্ত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6026>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন